

প্রথম আলো

তারিখ: ২০-০৬-২০১৩...
পৃষ্ঠা: ৬... কলাম: ১

আহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
শিক্ষক ফোরামের
নতুন কর্মসূচি ঘোষণা
দুই দিনের ধর্মঘট

আহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় প্রতিশ্রুতি

আহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আনোয়ার হোসেনের পদত্যাগের দাবিতে দুইদিনের টানা ধর্মঘটসহ তিন দিনের নতুন কর্মসূচি ঘোষণা করেছে সাধারণ শিক্ষক ফোরাম। গতকাল সোমবার বেলা তিনটায় বিশ্ববিদ্যালয়ের ক্যাফেটেরিয়া লাউঞ্জে সাধারণ সভা শেষে এ নতুন কর্মসূচি ঘোষণা করেন ফোরামের আহ্বায়ক মুহম্মদ হানিফ আলী।

কর্মসূচির মধ্যে রয়েছে জাতির মঙ্গলকামে দুপুর ১২টা থেকে বেলা একটা পর্যন্ত ধর্মঘটসহ এবং প্রশাসনিক ভবনের সামনে মানববন্ধন। কাল বুধবার ও পরদিন বুধ-শুক্রবার সর্বমুখক ধর্মঘট ঘোষণা করা হয়েছে। এই দুদিন জোর পাঁচটা থেকে বেলা দুইটা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের সব যানবাহন চলাচল ও বন্ধ থাকবে। তবে পূর্বঘোষিত পরীক্ষানমুহ এই ধর্মঘটের আওতাভুক্ত থাকবে। বুধ-শুক্রবার বেলা দুইটায় প্রশাসনিক ভবনের সামনে থেকে আন্দোলনের নতুন কর্মসূচি ঘোষণা করা হবে বলে জানিয়েছেন আন্দোলনকারী শিক্ষকেরা।

১২টি অভিযোগে উপাচার্যের পদত্যাগের দাবি করেছে শিক্ষক সমিতি। সাধারণ শিক্ষক ফোরামের ব্যানারে এ দাবিতে আন্দোলন চলছে।